দামুড়হুদায় অগ্নিকাণ্ডে ভস্নীভূত হওয়ায় পরিবারের পাশে ইউএনও রোকসানা মিতা

দামুড়হুদায় অগ্নিকাণ্ডে মেসার্স সাইম ট্রেডার্স পুড়ে ভস্নীভূত হওয়ায় পরিবারটির পাশে দাঁড়ালেন উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) রোকসানা মিতা। আজ তিনি ঘটনাস্থল পরিদর্শন করেন ও পরিবারের খোঁজ খবর নেন। উপজেলা প্রশাসনের পক্ষ থেকে আর্থিক সহায়তা প্রদান করেন। সেই সাথে ব্যবসা প্রতিষ্ঠান পূর্ণনির্মাণ করার জন্য ঢেউটিনের আবেদন করতে বলেন।

উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা বলেন অগ্নিকাণ্ডের ঘটনা জানতে পেরে ঘটনাস্থল পরিদর্শন করেছি ও পরিবারের খোঁজ খবর নিয়েছি। অগ্নিকাণ্ডে ব্যবসায়ী অনেকটা ক্ষতিগ্রস্ত হয়েছে, ঘটনাটি অত্যন্ত কষ্টদায়ক। ব্যবসায়ী শওকত ওসমান আমার অফিসে এসেছিলেন উপজেলা প্রশাসনের পক্ষ থেকে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। সেই সাথে ব্যবসা প্রতিষ্ঠান পূর্ণনির্মাণ করার জন্য ঢেউটিনের আবেদন করতে বলেছি, আবেদন করলে ঢেউটিন প্রদান করা হবে। এবং পরিবারটিকে সার্বিক সহযোগিতা করার আশ্বাস দিয়েছি। এধরণের অনাকাঙ্ক্ষিত অগ্নিকান্ড এড়াতে সকলকে নিজ নিজ অবস্থান থেকে সচেতন থাকা দরকার বলে জানান।

উল্লেখ্য গত শুক্রবার দামুড়হুদা উপজেলার নাটুদাহ ইউনিয়নের চারুলিয়া গ্রামে মেসার্স সাইম ট্রেডার্স অগ্নিকাণ্ডে পুড়ে ভস্নীভূত হয়। ক্ষতিগ্রস্ত ব্যবসায়ী চারুলিয়া গ্রামের পুলপাড়া এলাকার মৃত নজরুল মাষ্টারের ছেলে শওকত আলী(৬০)।

শুক্রবার রাত ৩ টার দিকে নিজ বাড়ির সাথে সার ও কীটনাশকের দোকানে অগ্নিকান্ডের ঘটনা ঘটে। এ সময় অগ্নিকাণ্ডে প্রায় অর্ধকোটি টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে দাবি ব্যবসায়ী শওকত আলীর।